

উপাচার্যকে জাবি থেকে বের করে দিলেন শিক্ষকরা

● জাবি সর্বোদ্যোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনকে ক্যাম্পাস থেকে বের করে দিলেন শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম। ব্যানারে আন্দোলনরত শিক্ষকরা গতকাল সোমবার সকালে এ ঘটনা ঘটে।

জানা যায়, অধ্যাপক আনোয়ার হোসেন সভ্যদের জাতীয় কুতিশৌখে তুল দিয়ে শ্রদ্ধা জানানোর পর সকাল সাড়ে ৮টায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ঢোকেন। উপাচার্যের বাসভবন তাদাবক্ খাকায় 'উপ-উপাচার্য (প্রশাসন)' অধ্যাপক আফসার আহমদের বাসায় অবস্থান নেন তিনি। খবর পেয়ে আন্দোলনরত শিক্ষকরা উপ-উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নিয়ে উপাচার্যকে অনতিবিলম্বে ক্যাম্পাস ত্যাগ করার আহ্বান জানান। এ সময় শিক্ষকরা উপাচার্যের গাড়ির পডাকা বুলে ফেলেন এবং গাড়ির চাকার হাওয়া ছেড়ে দিয়ে চাবি নিয়ে যান। পরে শিক্ষকদের ভোপের মুখে সকাল সাড়ে ১০টার দিকে অধ্যাপক আনোয়ার হোসেন কোথাথাক আবুল বায়েতের গাড়ি নিয়ে ক্যাম্পাস ত্যাগ করেন। এ সময় উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক এমএ মতিন, উপ-উপাচার্য অধ্যাপক আফসার

আহমদ, নিবন্ধক আবু বকর সিদ্দিক ও প্রটর অধ্যাপক মোহাম্মদ হুজিবুর রহমান প্রমুখ। ঐক্য ফোরামের সদস্য সচিব অধ্যাপক কামরুল আহসান বলেন, অব্যাহত অধ্যাপক আনোয়ার হোসেন ক্যাম্পাসে প্রবেশের কোনো অধিকার রাখেন না।

এদিকে রাষ্ট্রপতির নির্দেশনা অনুযায়ী উপাচার্য প্যানেল নির্বাচনের তারিখ ঘোষণার দাবিতে আন্দোলনরত শিক্ষকদের ৪৮ ঘণ্টার সময়সীমা শেষ হয়েছে। যমলবার নতুন কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানান। ঐক্য ফোরামের প্রধান সমন্বয়ক অধ্যাপক অজিত কুমার মজুমদার।